# সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৭৭

৬/ মুসাফিরের সালাত ও কসর (كتاب صلاة المسافرين وقصره)

পরিচ্ছেদঃ ৩. বৃষ্টির দিনে ঘরে সালাত আদায় করা

## باب الصَّلاَةِ فِي الرِّحَالِ فِي الْمَطَرِ

আরবী

وَحَدَّثَنِي عَلِيُّ بْنُ حُجْرٍ السَّعْدِيُّ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، عَنْ عَبْدِ الْحَمِيدِ، صَاحِبِ الزِّيَادِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، أَنَّهُ قَالَ لِمُؤَذِّنِهِ فِي يَوْمٍ مَطِيرٍ إِذَا قُلْتَ أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ فَلاَ تَقُلْ حَىَّ عَلَى الصَّلاَةِ قُلْ صَلُّوا فِي بُيُوتِكُمْ ـ قَالَ ـ فَكَأَنَّ النَّاسَ اسْتَنْكَرُوا ذَاكَ فَقَالَ أَتَعْجَبُونَ مِنْ ذَا قَدْ فَعَلَ ذَا مَنْ هُوَ خَيْرٌ مِنِّي إِنَّ الْجُمُعَةَ عَزْمَةٌ وَإِنِّي كَرِهْتُ أَنْ أُحْرِجَكُمْ فَتَمْشُوا فِي الطِّينِ وَالدَّحْضِ .

বাংলা

১৪৭৭। আলী ইবনু হুজর আল সা’দী (রহঃ) ... আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বৃষ্টির দিনে তাঁর মুয়াযযিনকে বললেন, যখন ’আশহাদু আন-লা ইলাহা ইল্লাল্লাহ’ ও ’আশহাদু আন্না মুহাম্মাদার রাসুলুল্লাহ’ বলবে, তারপর হাইয়্যা আলাস সালাহ’’ (সালাতের দিকে আস) না বলে বলবে যে, তোমরা তোমাদের ঘরে ঘরে সালাত আদায় কর। এই আদেশ শুনে লোকেরা যেন তা পছন্দ করল না। আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) বললেন, তোমরা কি তাতে বিস্মিত হচ্ছ? এটি তা তো তিনিই করেছেন যিনি আমার চাইতে শ্রেষ্ঠ। যদিও জুমু’আর সালাত ফরয, তথাপি আমি তোমাদের কষ্টে ফেলা পছন্দ করি না যে, তোমরা কাদাযুক্ত পিছল পথ হেঁটে আসবে।

## English

'Abdullah b. 'Abbas reported that he said to the Mu'adhdhin on a rainy day: When you have announced" I testify that there is no god but Allah; I testify that Muhammad is the Messenger of Allah," do not say:" Come to the prayer," but make this announcement:" Say prayer in your houses." He (the narrator) said that the people disapproved of it. Ibn 'Abbas said: Are you astonished at it? He (the Holy Prophet), who is better than I, did it. Jumu'a

prayer is no doubt obligatory, but I do not like that I should (force you) to come out and walk in mud and slippery ground.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=10542

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন